

২০২১

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-B-1

(বাংলা শিশু-কিশোর সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাত্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উভয় যথাসন্তুষ্ট নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) ‘ক্ষীরের পুতুল’ গ্রন্থে অবনীন্দ্রনাথ ঠাকুর যে সমাজের চিত্র অক্ষন করেছেন, তার স্বরূপ আলোচনা করো। ১০

অথবা,

(খ) ‘সুখ আর দুখ’ গল্পে রূপকথার পাশাপাশি উঠে এসেছে সাধারণ মানুষের ছবি। — আলোচনা করো। ১০

২। (ক) “যাহা আজগুবি, যাহা উঙ্গট, যাহা অসন্তুষ্ট— তাহাদের লইয়াই এই পুস্তকের কারবার।”— ‘আবোল-তাবোল’ গ্রন্থের পাঠ্য ছড়াগুলি অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো। ১০

অথবা,

(খ) ‘পক্ষিরাজ’ কবিতাটি ছেলেভুলানো ছড়া হিসেবে কতটা সার্থক হয়েছে, তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

৩। (ক) লক্ষ্মী শহর, টাঙ্গা, একাগাড়ি—হরিদ্বার, লছমনঘোলা— সবকিছু ধরা পড়েছে তোপসে চরিত্রের কিশোর দৃষ্টির মুন্ধতায়।
— আলোচনা করো। ১০

অথবা,

(খ) কিশোর সাহিত্যে অ্যাডভেঞ্চারের গল্পের ধারায় কাকাবাবু সিরিজের ‘সবুজদীপের রাজা’ রচনাটি কতখানি সার্থক হয়ে উঠেছে,
তা আলোচনা করো। ১০

৪। ষষ্ঠী ঠাকুরণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা,

‘কিরণমালা’ গল্পে অতিপ্রাকৃত উপাদানের প্রয়োগ সম্পর্কে লেখো। ৫

৫। “নারদ! নারদ!” কবিতাটির অন্তর্নিহিত অর্থ সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা,

ছড়াকার রূপে অমদাশক্ত রায়ের যে-কোনো দুটি বৈশিষ্ট্যের উল্লেখ করো। ৫

৬। 'গণেশ গুহ' চারিত্রটি সংক্ষেপে আলোচনা করো। ৫

অর্থবা:

"সন্তু জীবনে এই প্রথম দেখল, কাকাবাবুর চোখে জল" — প্রসঙ্গ উল্লেখ করো। ৫

৭। টিকা লেখো (যে-কোনো একটি) : ৫×১

- (ক) ক্ষুধার্ত যষ্ঠী ঠাকর়গের উদরপূর্তির উপায়
- (খ) একুশে আইন
- (গ) 'বাদশাহী আংটি' উপন্যাসের ভুলভুলাইয়া।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

- (ক) ছেলের বউ হিসেবে কোন দেশের রাজকন্যাকে রাজা পছন্দ করেছিলেন?
 - (খ) স্বপ্নের রাজ্যে খই-য়ের মোয়া কে তৈরি করতেন?
 - (গ) ঝর্ণার গাছ, সোনার পাথি, মানিক দানা কোথায় পাওয়া যাবে?
 - (ঘ) স্নান করার আগে প্রসাধনের জন্য সুখুর কত সময় লেগেছিল?
 - (ঙ) দুর্যোগী নিজের জন্য কী উপহার আনার কথা জানিয়েছিলেন?
 - (চ) ছাগল ফন্দি করে কী করেছিল?
 - (ছ) গঙ্গারাম কোন অসুখে ভোগে?
 - (জ) 'খুকু ও খোকা' কবিতাটির রচনাকাল উল্লেখ করো।
 - (ঝ) 'কাটাকুটি খেলা' ছড়াটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
 - (ঝঃ) 'ঢাকাই ছড়া'-য় কোন দেশের ভ্রমণের কথা উল্লিখিত হয়েছে?
 - (ট) ডাক্তার শ্রীবাস্তবকে ফলো করছিল কোন গাড়ি?
 - (ঠ) তোপসে ফেলুদাকে সারাদিনের ঘটনাগুলি কোথায় লিখতে দেখেছিল?
 - (ড) ফেলুদা তোপসেকে নিয়ে হরিদ্বারের কোন ঘাটে বসেছিল?
 - (ঢ) সন্তুর বাবা-মায়ের কোথায় যাওয়ার কথা ছিল?
 - (ণ) প্রীতম সিং-এর সাহায্যে কে জারোয়াদের ছবি তুলেছিল?
-